# খুলনা শিপইয়ার্ড লিমিটেড

বাংলাদেশ নৌবাহিনী, খুলনা

EOI-বাবি- ২৯/৪০০/২৪-২৫ ২৬ মে ২০২৫

## INVITATION FOR EXPRESSION OF INTEREST (EOI) FOR HULL AND SUPERSTRUCTURE CONSTRUCTION WORK

| | | |
|---|---|---|
| ০১। | EOI আহবানকারী প্রতিষ্ঠানের নাম | খুলনা শিপইয়ার্ড লিমিটেড, বিএন, খুলনা। |
| ০২। | কাজের বিবরণ এবং পরিমান | ০১ × এলসিটি-০৩ জাহাজের হাল ও সুপারস্ট্রাকচারের নির্মাণ কাজ (ড্রইং মোতাবেক) যৌথ ব্যবসায়িক চুক্তির মাধ্যমে সম্পাদনের জন্য EOI আহবান প্রসংঙ্গেঁ। |
| ০৩। | EOI জমার তারিখ | ০১ জুন ২০২৫ (বেলা ১১.১৫ ঘটিকা পর্যন্ত)। |
| ০৪। | EOI খোলার তারিখ ও সময় | ০১ জুন ২০২৫ বেলা ১১.৩০ ঘটিকায় খুলনা শিপইয়ার্ডের এমপ্লয়িজ ক্লাবে। |
| ০৫। | EOI প্রাপ্তির স্থান | ক) খুলনা শিপইয়ার্ড লিঃ এর বাণিজ্যিক লোকাল শাখা হতে অফিস চলাকালীন সময়ে।<br>খ) খুলনা শিপইয়ার্ড লিঃ এর ওয়েবসাইট হতে (Website: www.khulnashipyard.gov.bd) ডাউনলোড করে নেওয়া যাবে। |
| ০৬। | EOI দাখিলের স্থান | খুলনা শিপইয়ার্ড লিঃ এর প্রধান গেটে রক্ষিত টেন্ডার বক্সে বন্ধ খামে জমা প্রদান করতে হবে অথবা Online এ (Email: oiccoml.ksy@gmail.com) এ দরপত্র দাখিল করা যাবে। |
| ০৭। | জামানতের পরিমান | উদ্ধৃত দরের ৩% হারে খুলনা শিপইয়ার্ড লিঃ এর অনুকূলে ডিডি /পে-অর্ডার আকারে (ফেরতযোগ্য) প্রদান করতে হবে । |
| ০৮। | যোগাযোগের মাধ্যম | ফোন: ০২-৪৪১১০৯৮৭/ ৪৪১১৯৯০<br>মোবাইল: ০১৭৪৯-৭৫৭৫১৩, ০১৭১৬-৭০৩৪৭৭<br>ফ্যাক্স: ৮৮-০২-৪৭৭৭২০৪০৪<br>ইমেইল: oiccoml.ksy@gmail.com<br>ওয়েবসাইট: www.khulnashipyard.gov.bd |
| ০৯। | বিশেষ নির্দেশাবলী | খুলনা শিপইয়ার্ড লিমিটেড কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন /সকল EOI গ্রহণ / বাতিল করার অধিকার সংরক্ষন করেন। |

ডিজিএম (সিএন্ডপি)

# খুলনা শিপইয়ার্ড লিমিটেড
## বাংলাদেশ নৌ বাহিনী, খুলনা

ফোনঃ ০৪১-৭২০০০৩/৮১৩৯৭৫ ফ্যাক্সঃ ৮৮০-৪১-৭২০৪০৪, Website: www.khulnashipyard.com
E-mail : oiccoml.ksy@gmail.com

EOI নং-বাবি (এল)-২৯/৪০০/২৪-২৫ তারিখঃ ২৬ মে ২০২৫

# INVITATION FOR EXPRESSION OF INTEREST (EOI) FOR HULL AND SUPERSTRUCTURE CONSTRUCTION WORK

মেসার্স-----------------------
-----------------------------
-----------------------------
মোবাইলঃ
ইমেইলঃ

**(জব নং-ননি ৮০০) ০১টি এলসিটি এর হাল ও সুপারস্ট্রাকচারের নির্মাণ কাজ যৌথ ব্যবসায়িক চুক্তির মাধ্যমে সম্পাদনের জন্য EOI আহবান প্রসঙ্গে।**

খুলনা শিপইয়ার্ড লিঃ বিএন, খুলনা সংযোজিত তালিকায় উল্লেখিত কাজের জন্য সীলমোহরযুক্ত খামে নিম্নোক্ত নিয়ম কানুন পালন সাপেক্ষে EOI আহবান করা যাচ্ছে ঃ

| ক্রঃ নং | কাজের বিবরন | নির্মিতব্য এলসিটি এর বিবরণ | কাজের পরিমান | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | ০১টি LCT (Landing Craft Tank) LR (Lloyd's Register) সার্ভেয়ার কর্তৃক ইন্স্পেক্শন্ ও অনুমোদন সাপেক্ষে হাল ও সুপারস্ট্রাকচারের নির্মাণ কাজ সম্পন্ন করা। | দৈর্ঘ্যঃ ৭৪.৫০ মিটার<br>প্রস্থঃ ১৩.০০ মিটার<br>উচ্চতাঃ<br>৫.৬ মিটার (ফ্রেম নং: ০-৪৮)<br>৪.৭ মিটার (ফ্রেম নং: ৪৮-১৪৮)<br>ওজনঃ ৬০০ টন (আনুমানিক) | ১। ফিটিং, ওয়েল্ডিং ও গ্রাইন্ডিং করতঃ হাল ও সুপারস্ট্রাকচার সংক্রান্ত সকল নির্মাণ কাজ সম্পন্ন করা।<br>২। বুলওয়ার্ক, রেলিং, বোলার্ড, স্টেয়ার, ল্যাডার, ভেন্টিলেশন, ডাক্ট, দরজা, জানালা, পোর্টহোল এর কাজ সম্পন্ন করা।<br>৩। ড্রাফট মার্ক, যাবতীয় ফেন্ডারের কাজ ও অন্যান্য সকল আউট ফিটিং কাজ সম্পন্ন করা।<br>৪। নির্মাণ কাজের প্রতিটি ধাপে খুশিলি QC ও LR Class কর্তৃক ইন্সপেকশন ও অনুমোদনের যাবতীয় কাজ সম্পন্ন করা।<br>৫। ট্যাংক টেস্ট, NDT (RT, UT) সংশ্লিষ্ট সকল কাজ সম্পন্ন করে লঞ্চিং এর জন্য প্রস্তুত করা। | খুশিলি QC ও খুশিলি কর্তৃক নিয়োগকৃত LR Class এর মাধ্যমে গুনগতমান নিশ্চিত করতে হবে। |

১। যৌথ ব্যবসায়িক চুক্তিতে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের যোগ্যতা ঃ

ক। সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের Department of Shipping (DOS) এর অধীনে জাহাজ নির্মাণ সংশ্লিষ্ট সকল কাজ সম্পন্ন করার পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে। এ সংক্রান্ত প্রমানক দরপত্রের সাথে সরবরাহ করতে হবে।

খ। ট্রেড লাইসেন্স, TIN, VAT/ TAX সনদের সত্যায়িত হালনাগাদ কপি দাখিল করতে হবে।

গ। কার্যাদেশ প্রদানের পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে হাল ও লঞ্চিং পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে সুপারস্ট্রাকচার নির্মাণ সংশ্লিষ্ট সকল কাজ সম্পন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের প্রয়োজনীয় সংখ্যক দক্ষ ওয়েল্ডার, ফিটার, গ্যাসকাটার, গ্রাইন্ডার নিয়োজিত থাকতে হবে।

ঘ। সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের নির্মাণ কাজ সংশ্লিষ্ট নিজস্ব উৎপাদন সুবিধাদি থাকতে হবে (ইনস্ট্রুমেন্টস, ইকুইপমেন্টস এবং স্থাপনা)।

ঙ। এলসিটি নির্মাণ সংশ্লিষ্ট সকল কাজ খুশিলির কোয়ালিটি কন্ট্রোল সেল এবং LR (Lloyd's Register) ক্লাসের নির্দেশিকা মোতাবেক গুণগতমান বজায় রেখে সম্পন্ন করতে হবে।

২। খুলনা শিপইয়ার্ড লিমিটেডে ০১টি এলসিটি এর হাল ও সুপারস্ট্রাকচারের নির্মাণ কাজ (সরেজমিনে পরিদর্শনপূর্বক ড্রইং/ নকশা দেখার ব্যবস্থা আছে) যৌথ ব্যবসায়িক চুক্তির মাধ্যমে নির্মাণের জন্য নির্মাণ কাজের দর প্রতি টন হিসেবে উল্লেখ পূর্বক সর্বমোট দর (ANNEX-A) প্রদান করতে হবে।

৩। EOI জমা দেয়ার স্থান এবং দাখিল করার শেষ সময় ঃ

ক) খুলনা শিপইয়ার্ড লিঃ বিএন, খুলনা এর প্রধান ফটকে রক্ষিত টেন্ডার বক্সে নিজে অথবা প্রতিনিধি মারফত জমা করা যেতে পারে অথবা Online এ (Email: oiccoml.ksy@gmail.com) এ EOI দাখিল করা যাবে। তবে ই-মেইলে EOI প্রদানের ক্ষেত্রে অবশ্যই আর্নেস্ট মানি বাবদ পে-অর্ডার/ সমপরিমান টাকার ডিমান্ড ড্রাফট এর স্ক্যান কপি তারিখ ০১ জুন ২০২৫ বেলা ১১.১৫ ঘটিকার মধ্যে প্রেরণ করতে হবে এবং ২৪ ঘন্টার মধ্যে মূল কপি বাণিজ্যিক লোকাল শাখায় পৌছাতে হবে, অন্যথায় EOI বাতিল বলে গন্য হবে। এছাড়া EOI ডাকযোগে EOI খোলার পূর্বে যথাযথ সময়ে প্রেরণ করা যেতে পারে। উল্লেখ্য, ই-মেইল যোগে EOI প্রেরনের পর বেলা ১১.১৫ ঘটিকার মধ্যে কর্তৃপক্ষকে (মোবাইলঃ ০১৭১৬-৭০৩৪৭৭) ফোন করে নিশ্চিত করতে হবে।

খ) EOI দাখিল করার শেষ সময় ০১ জুন ২০২৫, বেলাঃ ১১.১৫ ঘটিকা।

৪। **EOI খোলার তারিখ এবং সময় ঃ**

ক) ০১ জুন ২০২৫ বেলাঃ ১১.৩০ ঘটিকা, উপস্থিত দরদাতাগণ অথবা তাদের মনোনিত প্রতিনিধিদের (যদি কেউ উপস্থিত থাকেন) সম্মুখে।

৫। উল্লেখ্য খামের উপরে EOI নম্বর, খোলার তারিখ এবং সময় উল্লেখ করতে হবে।

৬। **জামানতের টাকা ঃ**

ক) দরদাতাগণ EOI এর সাথে উদ্ধৃত মোট মূল্যের ৩% হারে আর্নেস্ট মানি/ জামানতের টাকা ‘‘খুলনা শিপইয়ার্ড লিঃ’’ এর অনুকূলে তফশিলভুক্ত বাংলাদেশী যে কোন ব্যাংকের পে-অর্ডার/ ডিমান্ড ড্রাফট এর মাধ্যমে জমা দিতে হবে।

খ) জামানতের টাকা ব্যতীত যে কোন EOI ননরেস্পন্সিভ হিসাবে গণ্য হবে এবং EOI বাতিল বলে বিবেচিত হবে।

৭। **শর্তাবলীঃ**

ক। কাজের অগ্রগতির ভিত্তিতে ধাপে ধাপে বিল পরিশোধ করা হবে। জাহাজ নির্মাণে কাজের বিল টন হিসেবে পরিশোধের ধাপগুলো নিম্নরূপঃ

| ক্রঃ নং | কাজের ধাপ | | বিলের পরিমান | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | হালের মেইন ডেক পর্যন্ত (ফ্রেম নং-০ থেকে ৭৫) | ফিটিং সম্পন্ন করতঃ খুশিলির কোয়ালিটি কন্ট্রোল ও LR Class কর্তৃক ইন্স্পেকশন্ এবং ওয়েল্ডিং এর অনুমোদন গ্রহণ। | ১০% | |
| | | ওয়েল্ডিং শেষে খুশিলির কোয়ালিটি কন্ট্রোল ও LR Class কর্তৃক ইন্স্পেকশন্ ও অনুমোদন গ্রহণ। | ৫% | |
| ২. | হালের মেইন ডেক পর্যন্ত (ফ্রেম নং-৭৫ থেকে ১০৮) | ফিটিং সম্পন্ন করতঃ খুশিলির কোয়ালিটি কন্ট্রোল ও LR Class কর্তৃক ইন্স্পেকশন্ এবং ওয়েল্ডিং এর অনুমোদন গ্রহণ। | ১০% | |
| | | ওয়েল্ডিং শেষে খুশিলির কোয়ালিটি কন্ট্রোল ও LR Class কর্তৃক ইন্স্পেকশন্ ও অনুমোদন গ্রহণ। | ৫% | |
| ৩. | হালের মেইন ডেক পর্যন্ত (ফ্রেম নং-১০৮ থেকে ১৪৮) | সম্পন্ন করতঃ খুশিলির কোয়ালিটি কন্ট্রোল ও LR Class কর্তৃক ইন্স্পেকশন্ এবং ওয়েল্ডিং এর অনুমোদন গ্রহণ। | ১০% | |
| | | ওয়েল্ডিং শেষে খুশিলির কোয়ালিটি কন্ট্রোল ও LR Class কর্তৃক ইন্স্পেকশন্ ও অনুমোদন গ্রহণ। | ৫% | |
| ৪. | সুপারস্ট্রাকচার (মেইনডেক থেকে হুইল হাউজ ডেক) | ফিটিং ও ওয়েল্ডিং শেষে খুশিলির কোয়ালিটি কন্ট্রোল ও LR Class কর্তৃক ইন্স্পেকশন্ ও অনুমোদন গ্রহণ। | ১০% | |
| ৫. | সুপারস্ট্রাকচার (হুইল হাউজসহ বাকি কাজ) | ফিটিং ও ওয়েল্ডিং শেষে খুশিলির কোয়ালিটি কন্ট্রোল ও LR Class কর্তৃক ইন্স্পেকশন্ ও অনুমোদন গ্রহণ। | ১০% | |
| ৬. | সকল আউট ফিটিং | ফিটিং ও ওয়েল্ডিং শেষে খুশিলির কোয়ালিটি কন্ট্রোল ও LR Class কর্তৃক ইন্স্পেকশন্ ও অনুমোদন গ্রহণ। | ১০% | |

| ক্রঃ নং | কাজের ধাপ | বিলের পরিমান | মন্তব্য |
|---|---|---|---|
| ৭. | ট্যাংক টেস্ট সংশ্লিষ্ট কাজ ও NDT (RT, UT) সংশ্লিষ্ট সকল কাজ সমাপ্তি এবং কোয়ালিটি কন্ট্রোল ও LR Class কর্তৃক ইন্স্পেক্শন্ ও অনুমোদন গ্রহণ। | ১০% | |
| ৮. | নির্মাণ কাজ শেষে খুশিলির কোয়ালিটি কন্ট্রোল ও LR ক্লাসের সন্তোসজনক ইন্স্পেক্শন্ শেষে অনুমোদন রিপোর্ট প্রাপ্তিতে। | ১০% | |
| ৯. | ওয়ারেন্টি (কাজটি কর্তৃপক্ষের নিকট হস্তান্তরের তারিখ হতে ৬ মাস পর ক্রটি বিচ্যুতি না পাওয়া সাপেক্ষে) | ৫% | |

খ। খুলনা শিপইয়ার্ড লিঃ কর্তৃক ইতিমধ্যে জাহাজের মোট ৬০০ টন ওজনের মধ্যে ১২০ টন ওজনের নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে। হাল ও সুপাস্ট্রাকচারের অসমাপ্ত আনুমানিক ৪৮০ টন ওজনের নির্মাণ কাজ ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক সম্পন্ন করতে হবে।

গ। এলসিটি-০৩ জাহাজের মেইনডেক পর্যন্ত নির্মাণ কাজ কার্যাদেশ প্রাপ্তির ৯০ (নব্বই) দিনের মধ্যে সম্পন্ন করতে হবে এবং লঞ্চিং পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে সুপারস্ট্রাকচার সংক্রান্ত সকল কাজ সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করতে ব্যার্থ হলে ঠিকাদারের নিকট হতে প্রতিদিন বিলম্বের জন্য টাকা ৬০০০.০০ (ছয় হাজার) হারে জরিমানা আদায় করা হবে। নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করিবার লক্ষ্যে ঠিকাদারের আবেদন সাপেক্ষে ঠিকাদারকে অফিস সময়ের পরে অতিরিক্ত সময় এবং প্রয়োজনে অফিস ছুটির দিনও কাজ করিবার অনুমতি দেওয়া যেতে পারে।

ঘ। সকল প্রকার কনজ্যুমেবল আইটেম (ইলেকট্রোড, গ্রাইন্ডিং ডিস্ক, কাটিং ডিস্ক, ফ্লাপডিস্ক, এলপি গ্যাস, অক্সিজেন গ্যাস ইত্যাদি) ঠিকাদার কর্তৃক সরবরাহ করতে হবে। উল্লেখ্য, ইলেকট্রোডসমূহ অবশ্যই LR Class দ্বারা অনুমোদিত হতে হবে।

ঙ। LR ক্লাসের গাইড লাইন অনুসারে কাজের মান নিশ্চিত করতে হবে। খুশিলির কোয়ালিটি কন্ট্রোল সেল এবং LR ক্লাসের সন্তোজনক ইন্স্পেক্শন্ করে অনুমোদন রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে হাল ও সুপারস্ট্রাকচারের সকল কাজ সম্পন্ন করতে হবে।

চ। ঠিকাদারকে অবশ্যই নিজস্ব প্রয়োজনীয় ওয়েল্ডিং মেশিন (ওয়েল্ডিং ক্যাবল এবং সার্ভিস কানেকশন ক্যাবল সহ) গ্রাইন্ডিং মেশিন, (সার্ভিস ক্যাবল সহ), হ্যান্ডশিল্ড (ব্লু গ্লাস ও সাদা গ্লাস), লতাবাতি (ক্যাবল ও হোল্ডার সহ), গ্যাস কাটিং টর্চ (হোজ পাইপ ও নজেল রেগুলেটর সহ কমপ্লিট), অটো গ্যাস কাটিং সেট (অপারেটর সহ), চিপিং হ্যামার, হ্যান্ড গ্লোবস, হাইড্রোলিক জ্যাক/মেকানিক্যাল জ্যাক, ষ্টীল ওয়্যার ব্রাশ ইত্যাদি মেইন গেটে এন্ট্রি করতঃ প্রয়োজনীয় ফিটিংস যন্ত্রপাতি সঙ্গে আনতে হবে।

ছ। ঠিকাদার কর্তৃক সরবরাহকৃত শ্রমিক এবং ম্যাটেরিয়ালের সেফটি সহ শ্রমিকদের নিরাপত্তা গিয়ার (PPE) যেমন- বয়লার স্যুট, সেফটি স্যু, সেফটি হেলমেট, হ্যান্ড গ্লোভস, বডি হার্নেস ইত্যাদি পরিধান নিশ্চিত করতে হবে। খুশিলির নিরাপত্তা নীতিমালা অনুসরণ করতে হবে এবং কাজ চলাকালীন কোন দূর্ঘটনা হলে তার দায়ভার ঠিকাদার বহন করবে।

জ। কাজ করতে গিয়ে ঠিকাদারী প্রতিষ্ঠানের অবহেলা/ ভূলের কারণে খুশিলির মালামালের/ জবের কোন ক্ষতি হলে তার ক্ষতিপূরণ বাবদ ঠিকাদারী প্রতিষ্ঠানের বিল হতে কর্তন করতে হবে।

ঝ। নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সংখ্যক দক্ষ ওয়েল্ডার, ফিটার, গ্যাসকাটার ও গ্রাইন্ডার নিয়োজিত করতে হবে। সংশ্লিষ্ট ঠিকাদারের নিকট কমপক্ষে ১০ (দশ) জন LR (Lloyd's Register) ক্লাস সার্টিফাইড ওয়েল্ডার থাকতে হবে এবং তাদের সনদের ফটোকপি দরপত্রের সাথে সরবরাহ করতে হবে।

ঞ। চুক্তিবদ্ধ ঠিকাদার কর্মদক্ষ জনবল সরবরাহ এবং গুনগতমানসম্পন্ন কাজ করতে ব্যর্থ হলে, কর্তৃপক্ষ চুক্তি বাতিল করে বিকল্প পদ্ধতিতে অথবা দ্বিতীয় সর্বনিম্ন দরদাতাকে কাজ প্রদান করতে পারে এবং এক্ষেত্রে (অতিরিক্ত খরচ) ডিফারেন্ট অফ কস্ট প্রথম চুক্তিবদ্ধ ঠিকাদারের বিল/ জামানত হতে কর্তন করা হবে।

ট। কাজ শেষে কাজের প্রকৃত পরিমান (যাচাই মূল্য) হিসাবে বিল পরিশোধ করা হবে। বাস্তবে সম্পাদিত কাজের পরিমান কম/বেশী হতে পারে। ঠিকাদারকে সম্পন্নকৃত কাজের বিপরীতে এবং নির্ধারিত একক দরের ভিত্তিতে মোট বিল পরিশোধ করা হবে।

ঠ। উক্ত ঠিকাদার অন্য কোন দ্বিতীয় পক্ষকে (ঠিকাদারকে) কাজ প্রদান করতে পারবে না। তবে ডেলিভারী সময় রক্ষার্থে সর্বনিম্ন দরে খুশিলি একাধিক ঠিকাদার নিয়োগ করতে পারবে।

ড। খুশিলি কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক নির্ধারিত স্থান/ এলাকায় বিষয়োক্ত কাজটি সম্পাদনের নির্দেশ প্রদান করলে ঠিকাদার ঐ নির্ধারিত স্থানে তৈরী করতে বাধ্য থাকবে।

ঢ। সংশ্লিষ্ট কাজের জন্য যোগ্য প্রকৌশলী ও সুপারভাইজারের উপস্থিতি, ঠিকাদার কর্তৃক নিশ্চিত করতে হবে।

ণ। **ওয়ারেন্টিঃ** কাজটি কর্তৃপক্ষের নিকট হস্তান্তরের তারিখ হতে ০৬ (ছয়) মাসের মধ্যে ঠিকাদার কর্তৃক সম্পাদিত কাজে কোন প্রকার ত্রুটি বিচ্যুতি দেখা দিলে ঠিকাদার তাহার নিজ খরচে উহা মেরামত করে দিবেন।

ত। **গ্যারান্টি:** মোট মূল্যের ৫% (পাঁচ শতাংশ) গ্যারান্টি হিসাবে ঠিকাদারের চূড়ান্ত বিল (শর্তাবলী ৭.ক. ক্রঃ নং-০৮) থেকে কেটে রাখা হবে, যাহা ওয়ারেন্টির ০৬ (ছয়) মাস সময় সন্তোষজনক ভাবে অতিক্রান্ত হবার পর ফেরতযোগ্য।

থ। **অপ্রাপ্ত বয়স্ক শ্রমিক নিয়োগ:** সরকারী আইন অনুযায়ী অপ্রাপ্ত বয়স্ক শ্রমিক কাজে নিয়োগ করা যাবে না।

দ। **ঠিকাদারের নিজস্ব মালামাল:** ঠিকাদারের নিজস্ব কাজে ব্যবহৃত যন্ত্রপাতি, মালামাল শিপইয়ার্ডে মেইন গেটে এন্ট্রি করিয়া ভিতরে প্রবেশ করাতে হবে।

ধ। **বিল পরিশোধ:** উল্লেখিত কাজ খুশিলির ওআইসি প্লেটারশপের তত্ত্বাবধান এবং নির্দেশ মোতাবেক সম্পন্ন করতে হবে। কাজ শেষে ঠিকাদার কর্তৃক সম্পাদিত কাজের বিপরীতে ৩ (তিন) কপি বিল (ব্যাংকের নাম ও একাউন্ট নাম্বার সহ) দাখিল করতে হবে। ওআইসি (প্লেটারশপ), ডিজিএম (এসবি) এবং জিএম (প্রোডাকশন) এর প্রত্যায়ন সাপেক্ষে চুক্তি অনুযায়ী বিল পরিশোধ করা হবে।

ন। **ক্লিনিং কাজ:** প্রতিটা কম্পার্টমেন্টে কাজ করার পর যাবতীয় ময়লা, কাচড়া, স্ক্র্যাপ পরিস্কার করতঃ নির্দিষ্ট স্থানে জমা করতে হবে।

৮। **বিলম্বিত EOI ঃ** EOI খোলার নির্ধারিত সময়ের পর কোন EOI পাওয়া গেলে তাহা বিলম্বিত EOI হিসাবে গণ্য হবে এবং উক্ত EOI বাতিল করে বন্ধ অবস্থায় সংশ্লিষ্ট দরদাতার নিকট ফেরৎ দেওয়া হবে।

৯। **EOI এ প্রদত্ত দরের মেয়াদঃ** EOI আহবানকারী প্রতিষ্ঠানের বিবেচনার জন্য প্রদত্ত দরের মেয়াদ ৪০ (চল্লিশ) দিন পর্যন্ত কার্যকরী এবং বলবৎ থাকবে।

১০। **পিজি/ সিকিউরিটি মানিঃ**

ক) চুক্তি সম্পন্যের পূর্বে কৃতকার্য দরদাতাকে পিজি/ সিকিউরিটি মানি হিসাবে ৫% হারে চুক্তিপত্রে উল্লেখিত মোট মূল্যের উপর পে-অডার্র/ ডিমান্ড ড্রাফট সরকার অনুমোদিত ব্যাংক হতে খুলনা শিপইয়ার্ড লিঃ এর অনুকূলে জমা দিতে হবে। পিজি পাওয়ার পর চুড়ান্ত চুক্তিপত্র সম্পন্ন করা হবে।

খ) কৃতকার্য দরদাতা পিজি/ সিকিউরিটি মানি জমা দিতে ব্যর্থ হলে তার সাথে চুক্তি সম্পন্ন করা হবে না এবং জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে।

গ) চুক্তি মোতাবেক কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে ঠিকাদারের সিকিউরিটি মানি /পিজি বাজেয়াপ্ত করা হবে।

১১। **EOI এ প্রদত্ত দরের ব্যখ্যাঃ** EOI এর মূল্য পরীক্ষা, নির্ণয় ও তুলনা করার সুবিধার্থে EOI আহবানকারী প্রতিষ্ঠান দরদাতার নিকট উহার যে কোন ব্যাখ্যা চাইতে পারেন। তবে এরূপ ক্ষেত্রে ব্যাখ্যার অনুরোধ এবং জবাব উভয়ই লিখিতভাবে হতে হবে এবং EOI উদ্ধৃত মূল্যের অথবা EOI এর বিষয়বস্তুর কোন পরিবর্তন করার অনুরোধ গ্রাহ্য হবে না।

১২। **EOI আহবানকারী প্রতিষ্ঠান EOI গ্রহণ অথবা বাতিলের ক্ষমতাঃ** চুক্তি অর্পনের পূর্বে কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন EOI অথবা সকল EOI গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩। **EOI এর মূল্যায়নঃ** EOI এর শর্তাবলীর, কারিগরী বিনির্দেশ, কাজের নিয়মাবলী, মূল্য এবং EOI আহবানকারী প্রতিষ্ঠানের পক্ষে সুবিধাজনক কোন বিষয়ের ভিত্তিতে EOI এর মূল্যায়ন করা হবে।

১৪। **চুক্তি অর্পনঃ**

ক) EOI আহবানকারী প্রতিষ্ঠান কর্তৃক সেইরুপ কৃতকার্য দরদাতার উপর চুক্তি অর্পন করবেন যার EOI প্রকৃতভাবে গ্রহণযোগ্য এবং সর্বনিম্ন দরদাতা হিসাবে বিবেচিত হয়েছেন।
খ) যদি কোন দরদাতা চুক্তি প্রত্যাখান করেন তা হলে তার জামানতের টাকা বাজেয়াপ্ত করণ অথবা তার বিরুদ্ধে যে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

১৫। সংশ্লিষ্ট কাজের জন্য সকল প্রকার ভ্যাট ও ট্যাক্স ব্যতিত শুধুমাত্র প্রকৃত কাজের মূল্য প্রদান করতে হবে।

১৬। EOI দাখিলের পর ইহা বুঝাবে যে, EOI এ উল্লেখিত সমস্ত শর্তাবলী দরদাতা কর্তৃক গৃহীত বা স্বীকৃত হয়েছে যদি না দরদাতা তার বিপরীতে কোন স্পষ্ট বক্তব্য রাখেন।

১৭। **EOI বাতিলের কারনঃ**

ক) যদি EOI এ দরদাতার যথাযথ সীল ও স্বাক্ষরসহ দরপত্র সংযুক্ত না থাকে।
খ) যদি আর্নেস্ট মানি টাকা যথাযথ নিয়মে এবং যথাযথ পরিমানে EOI এর সাথে সংযুক্ত না থাকে।
গ) যদি ব্যাংক গ্যারান্টি মারফত প্রদত্ত জামানতের টাকার পরিমান ও সময় EOI এর প্রয়োজন মোতাবেক না হয়।
ঘ) EOI এর খোলার পর যদি দরদাতা বর্ণিত মূল্য, বিনির্দেশ অথবা অন্য কোন শর্তাবলীর সংযোজন বা পরিবর্তন করেন।

১৮। **EOI এর সাথে প্রয়োজনীয় ডকুমেন্টঃ**

ক) EOI এর সাথে আর্নেস্ট মানি অবশ্যই সংযুক্ত করতে হবে।
খ) EOI এর সাথে হাল সনের ট্রেড লাইসেন্স, অভিজ্ঞতার সনদসহ অন্যান্য সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

আপনাদের বিশ্বস্ত

এম এম খায়রুল আলম
ঊর্ধ্বতন বাণিজ্যিক কর্মকর্তা
পক্ষে ম্যানেজিং ডাইরেক্টর

আমি/ আমরা অত্র প্রতিষ্ঠানের সকল প্রকার নিয়মনীতি মেনে ব্যবসা কার্য পরিচালনা করতে বাধ্য থাকব।

প্রতিষ্ঠানের সীল /মোহরঃ

স্বাত্ত্বাধীকারীর স্বাক্ষর ও তারিখ

**EOI আহবানকারী কমিটির স্বাক্ষর**

| | | |
|---|---|---|
| বাণিজ্যিক শাখা | হিসাবরক্ষন বিভাগ | ব্যবহারকারী |

সংলগ্নিঃ RATE CHART (ANNEX- A) - ০১ (এক) পাতা।

# খুলনা শিপইয়ার্ড লিমিটেড
## বাংলাদেশ নৌ বাহিনী, খুলনা

ফোনঃ ০৪১-৭২০০০৩/৮১৩৯৭৫ ফ্যাক্সঃ ৮৮০-৪১-৭২০৪০৪, **Website: www.khulnashipyard.com**
**E-mail : oiccoml.ksy@gmail.com**


## ANNEX- A: RATE CHART

EOI নং বাবি- ২৯/৪০০/২৪-২৫

তারিখঃ ২৬/০৫/২০২৫
খোলার তারিখঃ ০১/০৬/২০২৫
বেলাঃ ১১-৩০ ঘটিকা

**কাজের বিবরণ ও দরঃ**

| ক্রঃ নং | কাজের বিবরন | কাজের পরিমান | একক দর (টাকা) | মোট মূল্য (টাকা) |
|---|---|---|---|---|
| ক. | **খুশিলির সরবরাহকৃত ড্রয়িং মোতাবেক ০১টি এলসিটি এর হাল ও সুপারস্ট্রাকচারের নির্মাণ কাজ খুশিলির QC এবং LR সার্ভেয়ার কর্তৃক ইন্স্পেক্শন্ ও অনুমোদন সাপেক্ষে সম্পন্ন করা।**<br>১) ফিটিং, ওয়েল্ডিং ও গ্রাইন্ডিং করতঃ ব্লকসমূহ তৈরী করে ইরেকশনের কাজ সম্পন্ন করা।<br>২) বুলওয়ার্ক, রেলিং, বোলার্ড, স্টেয়ার, ল্যাডার, ভেন্টিলেশন,ডাক্ট, দরজা, জানালা, পোর্টহোল এর কাজ সম্পন্ন করা।<br>৩) ফরোয়ার্ড ও আফট স্ট্যাপল এবং ড্রাফট মার্ক, যাবতীয় ফেন্ডারের কাজ ও অন্যান্য সকল আউট ফিটিং কাজ সম্পন্ন করা।<br>৪) ট্যাংক টেস্ট সম্পন্ন করা, NDT(RT, UT) সংশ্লিষ্ট সকল কাজ সম্পন্ন করে লঞ্চিং এর জন্য প্রস্তুত করা। | ৪৮০ টন (আনুমানিক) | প্রতি টন টাঃ | টাঃ |
| খ. | নির্মাণ কাজের প্রতিটি ধাপে খুশিলি QC ও খুশিলি কর্তৃক নিয়োগকৃত LR Class এর মাধ্যমে গুনগত মান নিশ্চিত করতে হবে। | | | |
| গ. | **নির্মিতব্য এলসিটি এর বিবরণঃ**<br>দৈর্ঘ্যঃ ৭৪.৫০ মিটার<br>প্রস্থঃ ১৩.০০ মিটার<br>উচ্চতাঃ ৫.৬ মিটার (ফ্রেম নং: ০-৪৮)<br>৪.৭ মিটার (ফ্রেম নং: ৪৮-১৪৮)<br>ওজনঃ ৬০০ টন (আনুমানিক) | | | |
| | (ড্রইং মোতাবেক কার্য সম্পাদন করতে হবে) | | **সর্বমোট** | |

১) সর্বমোট টাকা : ..........................................................................................

২) সর্বমোট টাকা (কথায়) : ..........................................................................................

৩) মন্তব্য (যদি থাকে) : ..........................................................................................

..........................................................................................................................

..........................................................................................................................

..........................................................................................................................

..........................................................................................................................

..........................................................................................................................

..........................................................................................................................

৪) বর্তমান ঠিকানা : ..........................................................................................................................

..........................................................................................................................................................

..........................................................................................................................................................

..........................................................................................................................................................

৫) ই-মেইল : ..........................................................................................................................

৬) মোবাইল নম্বর : ..........................................................................................................................

৭) সিল ও স্বাক্ষর : ..........................................................................................................................

৮) EOI এর সাথে নিম্নে বর্ণিত নথিপত্র জমা প্রদান করতে হবে।

| | | |
|---|---|---|
| ক) | ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি | □ |
| খ) | সম্মতি বিবৃতি | □ |
| গ) | অভিজ্ঞতার সার্টিফিকেট | □ |
| ঘ) | অন্যান্য (যদি থাকে) | □ |

**<u>EOI আহবানকারী কমিটির স্বাক্ষর</u>**

| | | |
|---|---|---|
| বাণিজ্যিক শাখা | হিসাবরক্ষন বিভাগ | ব্যবহারকারী |